

কেহ বলে পড়িয়াছি আর উঠা নাই।  
 পড়িয়াছি ভবকূপে তুলে নে রে ভাই।।  
 কেহ বলে 'কি গুনালি কহিলি কি রূপ।  
 হরি প্রেম বাজারে কি আছে ভবকূপ।।  
 কেহ বলে 'কি কহিলি হরাইলি দিশে।  
 এসেছে দয়াল হরি ভবকূপ কিসে?'  
 বীর রসে কেহ করে বীরত্ব প্রকাশ।  
 কেহ বলে শমনের লেগেছে ত্বরাস।।  
 কেহ বলে 'ওরে ভাই আমি যে শমন।  
 মম ত্রাস নাই মোর সার্থক জীবন।।'  
 কেহ বা প্রলাপ করে হইয়া পুলক।  
 কেহ বলে 'কিসে তোর জনম সার্থক?'  
 এত বলি কেহ ধরে শমনের চুল।  
 আজ রে শমন তোরে করিব নির্মূল।।'  
 সে জন কহিছে 'ভাই মের না আমারে।  
 কি দোষ করেছি আমি তোমার গোচরে।।  
 যে জন করয় পাপ তারে দেই সাজা।  
 পবিত্র চরিত্র যাঁর তারে করি পূজা।।'  
 কোনজন বলে 'যম কি কহিলি কথা।  
 পতিত পাবন এল পাপ আছে কোথা।।  
 তুই না করিতি যম পাপীর তাড়ন।  
 তেঁই তোরে বেঁধেছিল লঙ্কার রাবণ।।  
 রাবণ মারিয়া তোরে যে করে উদ্ধার।  
 সেই প্রভু হরিচাঁদ দয়াল অবতার।।  
 যে হরি করেছে তোর এত উপকার।  
 তার উপকার কিবা করিলি এবার।।  
 ওড়াকান্দী হরিচাঁদ হয়েছে প্রকাশ।  
 পাপ-তাপ দূরে গেল তিমির বিনাশ।।  
 হরিনামে জয়ডঙ্কা বেজেছে সংসারে।  
 এ দেশে পাতকী নাই নিবি তুই করে?'  
 কহিছে শমন 'যেবা করে হরিনাম।  
 তাহার শ্রীপদে মম অনন্ত প্রণাম।।

গিয়াছে আমার গর্ব মের না রে ভাই।  
 কি দোষ করেছি আমি হরিভক্ত ঠাই।।  
 এসেছে দয়াল হরি বলা'য়েছে হরি।  
 তোমাদের স্পর্শ হেতু হরিনাম করি।।  
 উপকারী হই আমি অপকারী কিসে।  
 হরিভক্ত হয় লোকে আমার ত্বরাসে।।  
 হরিভক্ত হ'য়ে কেন ধর মম চুল।  
 আমি হই হরিপদ ভজনের মূল।।  
 মম ডরে সবে করে সাধন ভজন।  
 হরিভক্ত রক্ষাকারী আমি একজন।।  
 যে জন প্রভুর ভক্ত যুগেতে যুগেতে।  
 অহৈতুকি হরিভক্তি বিনা আকাঙ্খাতে।।  
 ব্রহ্মত্ব ইন্দ্রত্ব পদ তুচ্ছ তার আগে।  
 আছি কিনা আছি আমি মনেও না জাগে।।  
 তার সাক্ষী শুন ভাই পাণ্ডব গীতায়।  
 কুন্তী যে প্রার্থনা করে শ্রীকৃষ্ণের পায়।।

“স্বকর্মফল নিদিষ্টাং যাং

যাং যোনীং ব্রজাম্যহম্।

তস্য্যাং তস্য্যাং হৃষীকেশ

ত্বয়ার্ভক্তিদৃঢ়াস্ত মে।।”

কলি রাজ্যে পাপ কার্যে সবে হ'ত বশ।  
 আমার ভয়েতে কেহ না করে সাহস।।  
 আমি যদি রাজকার্যে না থাকি রে ভাই।  
 হরিভক্ত চূর্ণ হত পাপীদের ঠাই।।  
 এনেছি তুলসীদল মিশ্রিত চন্দন।  
 ছেড়ে দে রে পূজি হরিচাঁদের চরণ।।  
 হরিভক্ত সঙ্গে অদ্য হইব মিলন।  
 করিব মধুর হরিনাম সংকীর্তন।।  
 সবে বলে যম এসে কীর্তনে মাতিল।  
 শমনের প্রতি ভাই হরি হরি বল।।

